

## 📖 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৬৫৪

১৮. ব্যবসা-বাণিজ্য অধ্যায় (كتاب البيوع)

পরিচ্ছেদঃ ৭৩. এক তৃতীয়াংশ ও এক চতুর্থাংশ ফসলের ভাগে বর্গাচাষ

### باب فِي النَّهْيِ عَنِ الْمُزَارَعَةِ فِي الثُّلُثِ وَالرُّبْعِ

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ عُيَيْنَةَ عَنْ عَلِيِّ بْنِ مُسْهَرٍ عَنْ أَبِي إِسْحَقَ الشَّيْبَانِيِّ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ السَّائِبِ قَالَ سَأَلْتُ عَبْدَ اللَّهِ بْنَ مَعْقِلٍ عَنِ الْمُزَارَعَةِ فَقَالَ أَخْبَرَنِي ثَابِتُ بْنُ الضَّحَّاكِ الْأَنْصَارِيُّ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ نَهَى عَنِ الْمُزَارَعَةِ قَالَ لِعَبْدِ اللَّهِ تَقُولُ بِهِ قَالَ لَا أَقُولُ بِالْأَوَّلِ

বাংলা

২৬৫৪. আবদুল্লাহ ইবনু সাযিব রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, আমি আবদুল্লাহ ইবনু মা'কিল রাদিয়াল্লাহু আনহুকে 'মুযারিয়া' (ভাগচাষ) সম্পর্কে জিজ্ঞাসা করলাম। তিনি বললেন, আমাকে সাবিত ইবনু দাহহাক আল আনসারী রাদিয়াল্লাহু আনহু অবহিত করেছেন যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম 'মুযারাআ' (বর্গা বা ভাগে চাষ) করতে নিষেধ করেছেন।[1]

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ সহীহ।

তাখরীজ: ইবনু আবী শাইবা ৬/৩৪৪-৩৪৫ নং ১২৯৩; মুসলিম, বুযু ১৫৪৯; তাহাবী, শারহু মা'আনিল আছার ৪/১০৭; আহমাদ ৪/৩৩; ইবনু হাযম, আল মুহাল্লা ৮/১৮২; বাইহাকী, মুযারা'আহ ৬/১৩৩।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=82939>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন